

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৫৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفصلُ التَّنِفْ \_ (بَابُ فَضلْ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

### আরবী

وَعَنْ أَبِي طَلْحَةَ قَالَ: شَكَوْنَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْجُوعَ فَرَفَعْنَا عَنْ بُطُونِنَا عَنْ حَجَرٍ حَجَرٍ فَرَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ بَطْنِهِ عَن حجرين. رَوَاهُ التِّرْمِذِيِّ وَقَالَ: حَدِيث غَرِيب

اسناده حسن ، رواه الترمذى (2371) \* سيار بن حاتم : حسن الحديث ، وثقم الجمهور ـ

(صَحِيح)

#### বাংলা

৫২৫৪-[২৪] আবৃ ত্বলহাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.) -এর নিকট ক্ষুধার অভিযোগ করলাম এবং আমাদের প্রত্যেকের পেটের উপর এক একখানা পাথর বাঁধা জামা তুলে তা দেখলাম। তখন রাসূলুল্লাহ (সা.) নিজের কাপড় তুলে স্বীয় পেটের উপর বাঁধা দু'খানা পাথর দেখালেন। (তিরমিযী; আর তিনি বলেছেন: হাদীসটি গরীব)

## ফুটনোট

হাসান: তিরমিয়ী ২৩৭১, দেখুন ১৬১৫, মাজমাউয যাওয়ায়িদ ১০/৩১৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা : পেটে পাথর বাঁধার উপকারিতা কি? এর উত্তরে বলা হয়েছে, যাতে শূন্য পাকস্থলিতে হাওয়া ঢুকতে না



পারে। অথবা পাথরের কারণে পেট ও মেরুদণ্ড যেন শক্ত হয়ে থাকে এবং বাঁকা হয়ে না পড়ে। কেউ কেউ বলেছেন, পাথর বেঁধেছেন এজন্য যাতে পেট ঢিলে হয়ে না যায় এবং অন্ত্রাবলী ঝুলে না পড়ে, যা নড়া-চড়ার জন্য সমস্যা সৃষ্টি করে থাকে।

হাফিয ইবনু হাজার আল আসক্বালানী (রহিমাহুল্লাহ) বলেন, ক্ষুধার সময় পেটে পাথর বাঁধা 'আরবদের অথবা মদীনাবাসীদের অভ্যাস ছিল। সহীবুল আযহার পাথর বাঁধার কয়েকটি কারণের কথা উল্লেখ করেছেন।

- ১) মদীনায় এক শ্রেণির পাথর ছিল যার নাম 'মুশাববিআহ' পরিতৃপ্তি দানকারী, লোকেরা ক্ষুধার্ত হলে এ পাথর বেঁধে পরিতৃপ্তি লাভ করত।
- ২) আল্লাহ তা'আলা পাথরের মধ্যে একটা শীতলটা দান করেছেন, ঐ শীতলতায় পেটের ক্ষুধা প্রশমিত হয়। কেউ কেউ বলেছেন, এটা ছিল রাসূলুল্লাহ (সা.) -এর ধৈর্যের পরাকাষ্ঠা প্রদর্শন এবং উম্মাতকে শিক্ষা দান। (মিরক্বাতুল মাফাতীহঃ তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৩৭১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ ত্বলহা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন